দৈনিক ইনকিলাব

তারিখ ...0.4 JAN. 1997 ... ..
পৃঃ ৭ কলাম ৪

# চাঁদপুরে ২০ হাজার ছাত্রী উপবৃত্তির টাকা পাচ্ছে না ঃ লেখাপড়া বিঘ্নিত

চাঁদপুর, ৩ জানুয়ারী (জেলা সংবাদদাতা) ঃ চাঁদপুরে ২০ হাজার ছাত্রী উপবৃত্তি না পাওয়ায় তাদের লেখাপড়া বন্ধ হবার উপক্রম হয়েছে।

জানা যায়, চাঁদপুর জেলার ৩টি থানায় ৭৬টি মাধ্যমিক বিদ্যালয়ে নারী শিক্ষা প্রকল্পের নোরাড দাতা সংস্থা কর্তৃক উপবৃত্তি চালু রয়েছে। এতে চাঁদপুর সদর থানায় ৩৯টি মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় ৯ হাজার ৫শ' ছাত্রী, হাইমচর থানার ৯টি মাধ্যমিক বিদ্যালয়ের ১ হাজার ৮শ' ছাত্রী এবং শাহরাস্তি থানার ২৮টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৯ হাজার ছাত্রী উপবৃত্তি পাচ্ছে। এ উপবৃত্তি স্ব স্ব ছাত্রীদের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের মাধ্যমে বছরে ৪ কিস্তিতে প্রদান করা হয়। কিন্তু '৯৬ সালের জানুয়ারী মাস হতে পরপর ৩ কিস্তি অতিবাহিত হওয়া সত্ত্বেও জেলার উক্ত ৩টি থানায় প্রায় ২০ হাজার ছাত্রী উপবৃত্তির টাকা পাচ্ছে না। ফলে ছাত্রীগণ তাদের এ বছরের বেতন পরিশোধসহ বই, কলম, কাগজ, পেন্সিল ইত্যাদি কিনতে না পারায় লেখাপড়ায় ব্যাঘাত ঘটছে।

চাঁদপুর জেলা মাধ্যমিক শিক্ষক সমিতি এ ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয়কে এ বিষয়ে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জোর দাবী জানিয়েছে।